

কুয়েতে শ্রমিক শিবির পরিদর্শন করলেন প্রধানমন্ত্রী

21 ডিসেম্বর, 2024

কুয়েত সফরের প্রথম প্রোগ্রাম হিসাবে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী কুয়েতের মিনা আব্দুল্লা এলাকায় প্রায় 1500 ভারতীয় নাগরিক শ্রমজীবীকে নিয়ে গড়ে ওঠা একটি শ্রমিক শিবির পরিদর্শন করেন। ভারতের বিভিন্ন রাজ্য থেকে আসা ভারতীয় কর্মজীবী গোষ্ঠীভুক্তদের সাথে প্রধানমন্ত্রী কথা বলেন এবং তাদের শরীর-স্বাস্থ্য সম্পর্কে প্রশ্ন করেন।

2. এই শ্রমিক শিবির পরিদর্শন বিদেশে কর্মরত ভারতীয় শ্রমজীবীদের কল্যাণ সম্পর্কে প্রধানমন্ত্রী কতটা চিন্তিত, তা চিহ্নিত করে। গত কয়েক বছরে, সরকার ই-মাইগ্রেট পোর্টাল, MADAD পোর্টালের মতো বিভিন্ন প্রযুক্তি-ভিত্তিক উদ্যোগ গ্রহণ করেছে এবং বিদেশ কর্মরত ভারতীয় কর্মীদের কল্যাণের জন্য প্রবাসী ভারতীয় বীমা যোজনা আপগ্রেড করেছে।

কুয়েত সিটি

21 ডিসেম্বর, 2024